



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
(আইসিটি শাখা)
www.bhola.gov.bd



সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটি'র
আগস্ট, ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মো. আলমগীর হসাইন
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ভোলা।
সভার স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
সভার তারিখ ও সময় : ১৪/০৮/২০২৩ খ্রি. বিকাল ০৩.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সংশ্লিষ্ট রেজিস্টারে রক্ষিত

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। জনগণের নিকট সরকারি দপ্তরসমূহের জবাবদিহিতা নিশ্চিতকরণ, সেবার মানোন্নয়ন এবং সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে সরকারের বিভিন্ন সেবামুখী কর্মসূচীর সফল বাস্তবায়ন এবং প্রাতিষ্ঠানিক সেবা নিশ্চিতকরণে সেবামুখী কার্যক্রমকে সুচারুরূপে বাস্তবায়নে সমন্বিতভাবে কাজ করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভাপতি মহোদয় সহকারী কমিশনার (আইসিটি শাখা), সদস্য-সচিবকে আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

সহকারী কমিশনার (আইসিটি শাখা), ভোলা এবং সদস্য-সচিব সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর কর্মপরিকল্পনা এবং সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণের বিষয়ে সংক্ষিপ্তাকারে উপস্থাপন করেন।


সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত:

এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	সেবা প্রদান প্রতিশ্রুতি নীতিমালা, ২০১৭ অনুসরণ পূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২য় ত্রৈমাসিক নাগরিক সেবার ক্রমিক ১, ৮, ৯, ১০, ১৪, ১৮, ২৩, ২৮, ২৯, ৩১, ৩৩, ৩৪, ৩৮, ৩৯, ৪০, ৪২, ৪৪, ৪৫, ৪৬, ৫২ এ শাখার নামসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবি পরিবর্তন করে সংশোধিত সিটিজেন চার্টার জেলা প্রশাসক মহোদয়ের অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।	১। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটি, ভোলা। ২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভোলা।
০২	মন্ত্রিপরিষদ বিভাগ-এর ওয়েবপোর্টাল অনুসরণপূর্বক জেলা প্রশাসনের ওয়েবপোর্টাল আপডেট করতে হবে।	প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভোলা।
০৩	সেবা প্রদান সহজীকরণের লক্ষ্যে বিভিন্ন তথ্য ফরম ওয়েবসাইটে লিংকের মাধ্যমে নির্ধারিত সেবাবক্সে সংযুক্ত করতে হবে।	১। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটি, ভোলা। ২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভোলা।
০৪	বিভিন্ন সেবার মূল্য তালিকা ওয়েবসাইটে সেবাবক্সে প্রকাশ করতে হবে।	প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভোলা।
০৫	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর সংশোধনযোগ্য বিষয়গুলো সংশোধন করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটি, ভোলা।

০৬

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২২.০৮.২৩
(মো. আলমগীর হসাইন)
অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)

ও
সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)
পরিবীক্ষণ কমিটি, ভোলা।
ফোন: ০২৪৭৮৮৯৪০১

ই-মেইল : mahussain07@gmail.com




তারিখঃ ০৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২২ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ

স্মারক নম্বর- ০৫.১০.০৯০০.০২৩.০৬.০০১.২৩- ১২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০৩। উপসচিব, (সুশাসন অধিশাখা), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, ভোলা।
- ০৫। জেলা পর্যায়ের কর্মকর্তা, (সকল), ভোলা।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা।
- ০৭। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভোলা (এ কার্যালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ০৮। অফিস কপি।


২২.০৮.২০২৩
সহকারী কমিশনার
আইসিটি শাখা
এবং

সদস্য সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)
পরিবীক্ষণ কমিটি, ভোলা।
